NDP

# এনডিপি বার্তা

জুলাই-সেপ্টেম্বর, ২০২৪ । সংখ্যা ৪১ । বর্ষ ১৬

## সূ চি প ত্র


- ৩৩তম বার্ষিক সাধারণ সভা ১
- ইআরসিসি প্রকল্পের সোলার ওয়াটার পাম্প উদ্বোধন
- এনডিপি'র আইসিভিজিডি (২য় পর্যায়) প্রকল্পের অর্থ সহায়তা প্রদান
- জেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক আরএমটিপি ফিশারিজ প্রকল্প পরিদর্শন ২
- মৌসুমী বন্যার আগাম কার্যক্রমের আওতায় গোখাদ্য ও সাইলো ড্রাম বিতরন
- দূর্যোগ ঝুঁকি হ্রাসকরণ প্রকল্পের কার্যক্রম
- প্রধান উপদেষ্টার ত্রান তহবিলে ১০,০০,০০০ (দশ লক্ষ) টাকা প্রদান ৩
- আলোকিত গ্রাম কর্মসূচির সদস্যদের মাঝে ফলজ গাছের চারা বিতরন
- মৌসুমী বন্যায় প্রস্তুতিমূলক প্রকল্পের রাস্তা নির্মান
- এক নজরে ঋণ সহায়তা কর্মসূচির অগ্রগতি ৪
- ডিএইচআরএনএস প্রকল্পের ত্রৈমাসিক সমন্বয় সভা
- ইআরসিসিপি প্রকল্পের 'দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ'
- সমন্বিত কৃষি ইউনিটের মালচিং পেপার ব্যবহারে কৃষকের সাফল্য ৫
- আরএমটিপি প্রকল্পের উদ্যোগে লিড খামারিদের প্রশিক্ষন প্রদান
- জুলাই-সেপ্টেম্বর ২০২৪ সময়ে যেসকল প্রকল্প শুরু হয়েছে
- জুলাই-সেপ্টেম্বর ২০২৪ সময়ে যেসকল প্রকল্প সম্পন্ন হয়েছে ৬
- জামালপুরে নবাগত পুলিশ সুপারকে শুভেচ্ছা প্রদান
- সিআরইএ প্রকল্পের 'গ্লোবাল ডে অফ ক্লাইমেট অ্যাকশন' ২০২৪
- মৌসুমি বন্যায় আগাম সাড়াদান প্রকল্প-২০২৪ এর অর্থ সহায়তা প্রদান ৭
- নওগাঁয় ECCCP-Drought প্রকল্পের অবহিতকরন সভা ৮


## সম্পাদনা পরিষদ

**সম্পাদক ঃ**
মোঃ আলাউদ্দিন খান
নির্বাহী পরিচালক

**প্রণয়নে ঃ**
মোঃ আতিকুর রহমান
ব্যবস্থাপক (রিসার্চ এন্ড ডকুমেন্টেশন)
মোঃ জানাফার ইসলাম
সহকারী ব্যবস্থাপক (রিসার্চ এন্ড ডকুমেন্টেশন)

**প্রকাশনায় ঃ**
রিসার্চ এন্ড ডকুমেন্টেশন বিভাগ
ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)

## ৩৩তম বার্ষিক সাধারণ সভা




বার্ষিক সাধারণ সভায় বক্তব্য দিচ্ছেন এনডিপি'র প্রতিষ্ঠাতা নির্বাহী পরিচালক জনাব মো. আলাউদ্দিন খান

জাতীয় পর্যায়ের বেসরকারি উন্নয়ন সংস্থা ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর ৩৩তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়। শনিবার, ২৭ জুলাই ২০২৪ সংস্থার প্রধান কার্যালয়ের কনফারেন্স হলে এ আয়োজন করা হয়।

সাধারণ সভার শুরুতেই পবিত্র কোরআন থেকে পাঠ করেন এনডিপি'র ইমাম হাফেজ মো. জহুরুল ইসলাম এবং গীতা পাঠ করেন সংস্থার পরিচালক (অর্থ ও হিসাব) মিলন কুমার রায়। সাধারণ সভায় আগামী ২০২৪-২০২৫ অর্থ বছরের জন্য ১ হাজার ৮ শত ৮৮ কোটি টাকার বাজেট ঘোষণা করা হয়। যা ২০২৩-২০২৪ অর্থবছরের তুলনায় ২৭.১৩ বৃদ্ধি পেয়েছে বলে উল্লেখ করা হয়।

সভায় স্বাগত বক্তব্য প্রদান করেন সংস্থার কার্যনির্বাহী কমিটির সাধারণ সম্পাদক এবং এনডিপি'র প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান। এসময় তিনি সংস্থার বর্তমান অবস্থা ও কার্যক্রম সম্পর্কে সকলকে অবগত করেন। অনুষ্ঠানের উদ্বোধনী বক্তব্য প্রদান করেন সংস্থার কার্যনির্বাহী কমিটির সম্মানিত চেয়ারপারসন আলেয়া আকতার বানু। এসময় সভাপতি এনডিপি'র ধারাবাহিক সাফল্য ও ক্রমবিস্তৃতির জন্য সংস্থার সকল পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীদের ধন্যবাদ জানান।

সভায় ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন উপস্থাপন করেন সংস্থার পরিচালক (প্রোগ্রাম এন্ড প্ল্যানিং) ড. এবিএম সাজ্জাদ হোসেন। অতপর বার্ষিক প্রতিবেদন এবং সংশোধিত বাজেট পর্যালোচনা করা হয় ও অনুমোদন দেয়া হয় এবং ২০২৪-২০২৫ অর্থ বছরের প্রস্তাবিত বার্ষিক কর্ম-পরিকল্পনা এবং বাজেট পর্যালোচনা ও অনুমোদিত হয়। এছাড়াও সভায় কর্মকর্তাদের বিভিন্ন সুযোগ সুবিধা নিয়ে আলোচনা করা হয়।

অনুষ্ঠান পরিচালনা করেন রিসার্চ এন্ড ডকুমেন্টেশন বিভাগের ব্যবস্থাপক মো. আতিকুর রহমান। সাধারণ সভায় এনডিপি'র কার্যনির্বাহী কমিটি ও সাধারণ পরিষদের সদস্যবৃন্দসহ সংস্থার উর্ধ্বতন কর্মকর্তা ও বিভিন্ন বিভাগের প্রধানগণ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য ১৯৮৮ সালে দেশে সংঘটিত শতাব্দীর ভয়াবহ বন্যায় ক্ষতিগ্রস্ত মানুষদের পাশে দাঁড়ানোর প্রত্যয় নিয়ে এগিয়ে আসেন মো.আলাউদ্দিন খান। সংগঠিত করেন এলাকার যুবকদের। বন্যার্ত মানুষদের সহায়তায় স্বেচ্ছাপ্রণোদিত হয়ে কাজ করার অভিজ্ঞতায় ১৯৯২ সালের ১ জানুয়ারি গড়ে তোলেন বেসরকারি স্বেচ্ছাসেবী সংস্থা ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)। এ মুহূর্তে দেশের প্রায় ৭.৫ লাখ লক্ষিত জনগোষ্ঠীর আর্থ-সামাজিক ও মানবিক উন্নয়নে ৪৮টি উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করছে এনডিপি। কাজ করছে মানুষের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে, দরিদ্র জনগোষ্ঠির গৃহায়নে, শিক্ষা, প্রতিবন্ধী মানুষদের সমাজের মুল স্রোতে নিয়ে আসতে, জেন্ডার সমতা, মানুষের অধিকার, সু-শাসন, কৃষি উন্নয়ন, স্বাস্থ্যসেবা ও দুর্যোগে দুর্গত মানুষের জন্য।

## ইআরসিসি প্রকল্পের সোলার ওয়াটার পাম্প উদ্বোধন



সোলার ওয়াটার পাম্প এর শুভ উদ্বোধন করছেন
এনডিপি'র প্রতিষ্ঠাতা নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান

ক্লাইমেট ব্রিজ ফান্ড (সিবিএফ) এর অর্থায়নে এবং ব্র্যাক ও কে এফ ডাব্লউ এর সহযোগিতায় সিরাজগঞ্জ পৌরসভার ১২নং ওয়ার্ডে নির্মিত সোলার ওয়াটার পাম্প উদ্বোধন করা হয়েছে। ইনহেন্স রেজিলিয়েন্স টুওয়ার্ডস কোভিড এন্ড কন্সিকুয়েন্সেস (ইআরসিসি) প্রকল্পের আওতায় ওয়ার্ডের পুরাতন জেলখানা ঘাট সংলগ্ন স্থানে পাম্পটি স্থাপন করা হয়।

১২ আগস্ট ২০২৪ স্থানীয় সর্বসাধারণের জন্য সোলার নিয়ন্ত্রিত ওয়াটার পাম্পটির শুভ উদ্বোধন করেন এনডিপি'র প্রতিষ্ঠাতা নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান। এসময় তিনি বলেন সিবিএফের এই প্রকল্পটি আরো ১৪টি সহযোগী সংস্থা দেশের বিভিন্ন অঞ্চলে বাস্তবায়ন করছে। এটি একটি পাইলটিং সোলার ওয়াটার পাম্প। আপনারা যদি এটি ভালোভাবে রক্ষনাবেক্ষণ করতে পারেন তবে একই মডেলে অন্যান্য স্থানেও প্রকল্পটি স্থাপন করার সম্ভাবনা রয়েছে। তিনি আরো বলেন পাম্পটি শুধুমাত্র এ অঞ্চলের সাধারণ মানুষের কথা চিন্তা করে স্থাপন করা হয়েছে এবং এটি দেখভাল করার দায়িত্ব আপনাদেরই।

অনুষ্ঠানে এনডিপি'র সহকারী পরিচালক (প্রোগ্রাম এন্ড প্ল্যানিং) মো. মিজানুর রহমান মিজান এর সঞ্চালনায় স্বাগত বক্তব্য প্রদান করেন পরিচালক (প্রোগ্রাম এন্ড প্ল্যানিং) ও প্রকল্প ফোকাল পারসন এবিএম সাজ্জাদ হোসন। তিনি বলেন সোলার পাম্পটি ১৯,০০,০০০ টাকা ব্যয়ে নির্মান করা হয়েছে এবং যা ২৫০০ লিটার পানি ধারন ক্ষমতা সম্পন্ন। এর ফলে অত্র অঞ্চলের ২৫০টি হত দরিদ্র পরিবারের সুপেয় খাবার পানি নিশ্চিত হবে বলে তিনি উল্লেখ করেন। উদ্বোধন অনুষ্ঠানে বীর মুক্তিযোদ্ধা আজীজুর রহমান দুলাল, স্থানীয় জন প্রতিনিধি আলমগীর হোসেন জুয়েল, সাবেক কমিশনার (১২নং ওয়ার্ড) শাহীন পারভেজ, স্থানীয় ওয়াশ কমিটির সভাপতি মো. নজরুল ইসলামসহ স্থানীয় জন সাধারণ ও এনডিপি'র কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

## এনডিপি'র আইসিভিজিডি (২য় পর্যায়) প্রকল্পের অর্থ সহায়তা প্রদান

মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "ইনভেস্টমেন্ট কম্পোনেন্ট ফর ভালনারেবল গ্রুপ ডেভেলপমেন্ট (আইসিভিজিডি)" ২য় পর্যায় (১ম সংশোধিত) প্রকল্পের আওতায় অর্থ সহায়তা প্রদান করা হয়েছে। প্রকল্পের অংশগ্রহণকারীদের ৬টি বিষয়ে প্রশিক্ষণ পরবর্তীতে এককালীন অনুদান হিসেবে ব্যবসায় উপকরণ ক্রয় ও ব্যবসায় মূলধন হিসেবে এ অর্থ সহায়তা প্রদান করা হয়। ৩১ জুলাই ২০২৪ তারিখে উপজেলা ভিত্তিক অর্থ-সহায়তা প্রদান অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শাহ্জাদপুর উপজেলা পরিষদের সম্মানিত চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা মো. হালিমুল হক মিরু। এসময় গ্রামীণ জনগোষ্ঠীর আর্থসামাজিক উন্নয়নে আইসিভিজিডি-২ প্রকল্পটি একটি টেকসই উন্নয়নের মাইলফলক ও গরিব মানুষের ভাগ্য উন্নয়নে গুরুত্বপূর্ণ ভুমিকা পালন করবে বলে তিনি মন্তব্য করেন।



চেক হস্তান্তর করছেন উপজেলা নির্বাহী অফিসার মো. কামরুজ্জামান

উপজেলা প্রশাসন ও উপজেলা মহিলা বিষয়ক কার্যালয়ের সার্বিক তত্ত্বাবধানে বিতরণ কার্যক্রম সম্পন্ন করা হয়। এতে উপজেলার ১৭২৮ জন অংশগ্রহণকারীকে ২০,০০০ (বিশ হাজার) টাকা করে সর্বমোট ৩৪,৫৬০,০০০ টাকা প্রদান করা হয়। এছাড়াও যাতায়াত ভাতা হিসেবে জন প্রতি ১৬০০ টাকা করে মোট ২,৭৬৪,৮০০ টাকা প্রদান করা হয়। শাহ্জাদপুর উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা রুবিনা বেগম এর সঞ্চালনায় সভাপতি করেন উপজেলা নির্বাহী অফিসার মো. কামরুজ্জামান। অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদ এর ভাইস চেয়ারম্যান মাহবুব সোবহান শেখ, মহিলা ভাইস চেয়ারম্যান লাবনী ইসলাম, উপজেলা মৎস্য কর্মকর্তা ইসরাত জাহান, উপজেলা সমাজসেবা কর্মকর্তা মকবুল হোসেন, এনডিপি'র উপ-পরিচালক ও প্রকল্প ফোকাল পারসন কাজী মাসুদুজ্জামানসহ উপজেলার ১৩টি ইউনিয়ন পরিষদ এর চেয়ারম্যান। এছাড়াও অনুষ্ঠানে সহযোগী ব্যাংকের প্রতিনিধি, প্রকল্প সমন্বয়কারী মো. আব্দুর রহমান মন্ডল, শাহ্জাদপুর এলইডিসি মো. জাহাঙ্গীর আলমসহ প্রকল্পের অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

## জেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক আরএমটিপি ফিশারিজ প্রকল্পের কার্যক্রম পরিদর্শন



কার্যক্রম পরিদর্শন করছেন নাটোর জেলা মৎস্য কর্মকতা ড. মোঃ আবুল কালাম আজাদ

ইফাদ ও ডানিডা এর আর্থিক ও পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সার্বিক সহযোগিতায় পরিচালিত আরএমটিপি প্রকল্পের আওতায় ''নিরাপদ মৎস্য ও মৎস্যপণ্য উৎপাদন এবং বাজারজাতকরণ শীর্ষক'' ভ্যালু চেইন উপ-প্রকল্প এর কার্যক্রম পরিদর্শন করেছেন নাটোর জেলা মৎস্য কর্মকতা ড. মোঃ আবুল কালাম আজাদ। এসময় তিনি প্রকল্পের আওতায় বাস্তবায়িত বোটম ক্লিনিং পদ্ধতিতে ট্যাংকে মাছচাষ, মাছের সাথে পুকুরে ঝিনুক চাষের মাধ্যমে মুক্তা উৎপাদন, প্রাবায়োটিক ব্যবহার করে মাছ চাষ, ডি টু ইট এর আওতায় ফ্রেন্ডস ফুড এন্ড ফিশ ফ্রাই রেস্টুরেন্ট, রঙ্গিন মাছ চাষ প্রদর্শনীসহ ফার্ম মেকানাইজেশনের মাধ্যমে নিরাপদ মৎস্য উৎপাদন বিষয়ক বিভিন্ন প্রদর্শনী পরিদর্শন করেন। একইসাথে মৎস্য চাষে সম্পৃক্ত এবং বাজার ব্যবস্থার সাথে সম্পৃক্ত ব্যাক্তিদের সাথে মতবিনিময় করেন। তিনি এনডিপি কর্তক বাস্তবায়িত কার্যক্রমের ভূয়ষী প্রশংসা করেন।

পরিদর্শনকালে গুরুদাসপুর উপজেলার সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা রতন চন্দ্র সাহা ও প্রকল্পর ভ্যালুচেইন ফ্যাসিটিটের মো. লাহু মিয়া উপস্থিত ছিলেন।

## মৌসুমী বন্যার আগাম কার্যক্রমের আওতায় গোখাদ্য ও সাইলো ড্রাম বিতরন

জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা (FAO) এর সহযোগিতায় উচ্চ পুষ্টি সমৃদ্ধ ৫০ কেজি গোখাদ্য ও সাইলো ড্রাম (যা ধারন ক্ষমতা ৬৬ লিটারের) বিতরণ করা হয়েছে। মৌসুমী বন্যার আগাম কার্যক্রমের আওতায় সিরাজগঞ্জ, বগুড়া, জামালপুর, গাইবান্ধা ও কুড়িগ্রাম জেলায় বিতরণ কার্যক্রম সম্পন্ন করা হয়। নির্ধারিত ৫টি জেলায় সর্বমোট ২২,৬২০ ব্যাগ গোখাদ্য ও ১১,৩১০ টি সাইলো ড্রাম বিতরণ করা হয়।



গোখাদ্য ও সাইলো ড্রাম বিতরন করছেন এনডিপি'র নির্বাহী পরিচালক, উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারসহ অন্যান্য অতিথিবৃন্দ

ধারাবাহিক এ বিতরন কার্যক্রমের অংশ হিসেবে ১৪ জুলাই, মনসুর নগর ইউনিয়নের গবাদিপশু পালনকারী ৩২০ টি পরিবারের মাঝে গোখাদ্য ও সাইলো ড্রাম বিতরন করেন এনডিপি'র প্রতিষ্ঠাতা নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান। এসময় কাজিপুর উপজেলা পরিষদ এর সম্মানিত চেয়ারম্যান মোঃ খলিলুর রহমান সিরাজী ও কাজিপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ সোহরাব হোসেন উপস্থিত ছিলেন।

বিশেষ অতিথি'র বক্তব্যে উপজেলা কৃষি কর্মকর্তা মোঃ শরিফুল ইসলাম বন্যা পরবর্তী পদক্ষেপ গ্রহণ করার জন্য এনডিপি'র উর্ধতন কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন। এজন্য কৃষি বীজ , সার ইত্যাদি উপাদান বিতরণ করার জন্য আহবান জানান ।

উপজেলা নির্বাহী কর্মকর্তা বন্যাকালীল সময়ে গবাদি পশুর সুরক্ষা নিশ্চিতের জন্য ভ্যাক্সিন করানোর আহবান করেন। বিশেষ করে ল্যাম্পি স্কিন ডিজিজ থেকে সুরক্ষার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য আহবান জানান ।

পরিশেষে উপজেলা চেয়ারম্যান এধরনের কার্যক্রম বাস্তবায়নের জন্য এনডিপি'র নির্বাহী পরিচালক মহোদয়কে ধন্যবাদ জ্ঞাপন করেন। একইসাথে এনডিপি বরাবরই কাজিপুর উপজেলার বানভাসি মানুষের পাশে থেকে কাজ করে বলে উল্লেখ করেন।

এনডিপি'র উপব্যবস্থাপক ও প্রকল্পের উপজেলা সমন্বয়কারী শিপন চন্দ্র নাগ এর উপস্থাপনায় অনুষ্ঠানে কাজিপুর উপজেলা পরিষদ এর ভাইস চেয়ারম্যান, মনসুর নগর ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান, ইউনিয়নের বানভাসি মানুষসহ এনডিপি'র কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন । এছাড়াও বিতরণ অনুষ্ঠানে জরুরী চিকিৎসা ও নিরাপদ পানির ব্যবস্থা করা হয়।

## দূর্যোগ ঝুঁকি হ্রাসকরণ প্রকল্পের কার্যক্রম পরিদর্শন



প্রকল্প কার্যক্রম পরিদর্শন করছেন প্রকল্প কর্মকর্তাবৃন্দ

জাতীয় পর্যায়ের বেসরকারি উন্নয়ন সংস্থা ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) কুড়িগ্রাম জেলার (কুড়িগ্রাম সদর, উলিপুর ও চিলমারী) তিনটি উপজেলায় ১৪টি ইউনিয়নে কমিউনিটি রিস্ক অ্যাসেসমেন্টের (CRA) মাধ্যমে দুর্যোগ ঝুঁকি হ্রাস কর্ম পরিকল্পনা (RRAP) বাস্তবায়ন করছে। বিশ্ব খাদ্য কর্মসূচি (ডব্লিউএফপি)'র অর্থায়নে এই প্রকল্পের আওতায় রাস্তা পুনঃনির্মাণ ও বসতভিটা (ক্লাস্টাভিত্তিক) উচুকরণের কার্যক্রম পরিচালিত হচ্ছে। ফকিরের চর গ্রামে এই বসতভিটা উচুকরণ কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে, যেখানে দুইটি স্কিমের আওতায় (০১ নং স্কিমে ৯৩টি ও ০২ নং স্কিমে ৩৩টি পরিবার) মোট ১২৬টি পরিবারের বসতভিটা উচুকরণ করা হয়েছে। যার ফলে গ্রামের লোকজন বন্যার ভয়াবহতা থেকে রক্ষা পাচ্ছে। এসব পরিবারকে সংযুক্ত করার জন্য ৯০৮ মিটার রাস্তা নির্মাণ করা হয়েছে। প্রকল্পের আগে বন্যাকালীন সময়ে এই এলাকার রাস্তা ও বসতভিটা প্লাবিত হয়ে মানুষদের আশ্রয়হীন করে তুলত। ফলে শিশুদের অপমৃত্যু, লেখাপড়া বন্ধ হয়ে যাওয়া এবং গবাদিপশুর সুরক্ষা সম্ভব হতো না, যার ফলে নানা পানিবাহিত রোগ দেখা দিত।

প্রকল্প বাস্তবায়নের ফলে এলাকার মানুষজন এখন তাদের পূর্ববর্তী সমস্যাগুলোর সম্মুখীন হচ্ছেন না। তারা এনডিপি এবং বিশ্ব খাদ্য কর্মসূচির প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেছেন। এই প্রকল্পের ফলে ফকিরের চরের মানুষদের আর নিজেদের সম্পদ ছেড়ে অন্যত্র যেতে হচ্ছে না, শিশুদের অপমৃত্যু হবার শঙ্কা নেই এবং বন্যার সময়ে শাক-সবজি চাষ করে নিজেদের খাদ্য চাহিদা পূরণ ও বিক্রি করতে পারছেন। এখন ফকিরের চর গ্রাম একটি সুন্দর পরিবেশে পরিণত হয়েছে। ইউনিয়নের চেয়ারম্যান এই প্রকল্পের সফল বাস্তবায়নের জন্য এনডিপি এবং বিশ্ব খাদ্য কর্মসূচিকে ধন্যবাদ জানান।

## প্রধান উপদেষ্টার ত্রান তহবিলে ১০,০০,০০০ (দশ লক্ষ) টাকা প্রদান

বেসরকারি উন্নয়ন সংস্থা ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)'র সকল কমকর্তাদের ০১ দিনের বেতন ও সংস্থার নিজস্ব তহবিল হতে সর্বমোট ১০,০০,০০০ (দশ লক্ষ) টাকা মাননীয় প্রধান উপদেষ্টার ত্রাণ ও কল্যাণ তহবিলে জমা দেয়া হয়েছে। অনলাইন ব্যাংকিং সিস্টেমের মাধ্যমে মাননীয় প্রধান উপদেষ্টার ত্রান তহবিলে এ অর্থ জমা করা হয়।




এরপূর্বে ২৪ আগস্ট, এনডিপি ব্যবস্থাপনা পরিষদের জরুরী বৈঠকে সিদ্ধান্তটি গৃহীত হয়। এনডিপি'র প্রতিষ্ঠাতা নির্বাহী পরিচালক জনাব মো. আলাউদ্দিন খান এর সভাপতিত্বে আয়োজিত সভায় সংস্থার সকল উর্ধতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন এবং সকলের সম্মতিক্রমে এ সিদ্ধান্ত গ্রহীত হয়।

সংস্থা প্রধান মো. আলাউদ্দিন খান বলেন 'বাংলাদেশের ১১টি জেলায় প্রায় ৪৫ লাখ মানুষ বন্যায় আক্রান্ত। দেশের এই সংকটকালে এনডিপি'র সহযোগিতা করা নৈতিক দ্বায়িত্ব। এরকম পরিস্থিতে এনডিপি সবসময় সহযোগিতার হাত বাড়িয়ে থাকে। দূর্যোগকালীন এই সময়ে সকলের উচিত নিজ নিজ অবস্থান থেকে এগিয়ে আসা।' একইসাথে তিনি ভবিষ্যতেও দেশের প্রয়োজনে এনডিপি'র চেষ্টা অব্যাহত থাকবে বলে আশাবাদ ব্যক্ত করেন।

## আলোকিত গ্রাম কর্মসূচির সদস্যদের মাঝে ফলজ গাছের চারা বিতরন

এনডিপি'র নিজস্ব অর্থায়নে পরিচালিত আলোকিত গ্রাম কর্মসূচির উদ্যোগে ফলজ গাছের চারা বিতরন করা হয়েছে। ৩০ জুলাই, ২০২৪ তারিখে এনডিপি প্রধান কার্যালয়ে কর্মসূচির সদস্যদের হাতে বৃক্ষ চারা তুলে দেন এনডিপি'র প্রতিষ্ঠাতা নির্বাহী পরিচালক জনাব মো. আলাউদ্দিন খান। এসময় বক্তব্যে তিনি কর্মসূচির ভবিষ্যৎ নিয়ে সদস্যদের সাথে আলোচনা করেন। একইসাথে স্বেচ্ছায় ভালো কাজ করার জন্য সদস্যদের প্রতি আহবান জানান। তিনি বলেন, আলোকিত গ্রাম কর্মসূচির উল্লেখিত চারটি গ্রামে (বাগবাড়ী, লাহিড়ী বাড়ী, বালুকোল ও চর বড়ধুল) বাল্য বিবাহের হার শূন্য হয়েছে কিনা, শিশুশিক্ষার হার ১০০ হয়েছে কিনা, মানুষের পুষ্টি চাহিদা পূরণ হচ্ছে কিনা এবং গ্রামে বসবাসের জন্য উপযুক্ত স্বাস্থ্যসম্মত পরিবেশ বিরাজমান কিনা এ বিষয়ে আমাদের লক্ষ্য রাখতে হবে। তবেই একটি আলোকিত গ্রাম তৈরি করা সম্ভব। এসময় তিনি সকলকে বেশি বেশি বৃক্ষ রোপন করার আহবান জানান।

অনুষ্ঠানে ১৫০ জন সদস্যর মাঝে ৪০০টি ফলজ গাছের চারা বিতরন করা হয়। বিতরন অনুষ্ঠানে আলোকিত গ্রাম কর্মসূচির কেন্দ্রীয় কমিটির সভাপতি ও সাবেক উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান মো. আঃ মান্নান শেখ, সাবেক সোনালী ব্যাংক কর্মকর্তা মো. হায়দার আলী খান, কমিটির সাধারন সম্পাদক মো. সাখাওয়াত হোসেন, সমন্বিত কৃষি ইউনিটের ব্যবস্থাপক কৃষিবিদ মো: আব্দুল হালিম ও কর্মসুচির প্রোগ্রাম অফিসার সুরেশ চন্দ্র পাল উপস্থিত ছিলেন।



চারা বিতরন করছেন এনডিপি'র নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান

## মৌসুমী বন্যায় প্রস্তুতিমূলক প্রকল্পের রাস্তা নির্মান



নির্মান কাজের শুভ উদ্বোধন করেন কাজিপুর উপজেলার মহিলা ভাইস চেয়ারম্যান মোছাঃ সুলতানা হক

স্টার্ট নেটওয়ার্কের সহযোগিতায় মৌসুমী বন্যায় প্রস্তুতিমূলক পদক্ষেপ ২০২৪ প্রকল্পের অংশ হিসেবে সিরাজগঞ্জ জেলার কাজিপুর উপজেলার নাটুয়ারপাড়া ইউনিয়নের ৯ নং ওয়ার্ডের পানাগাড়ী গ্রামে ৬২৫ মিটার রাস্তা নির্মান করা হয়েছে। ০১ আগস্ট ২০২৪ নির্মান কাজের শুভ উদ্বোধন করেন কাজিপুর উপজেলার মহিলা ভাইস চেয়ারম্যান মোছাঃ সুলতানা হক। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নাটুয়ারপাড়া ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান মোঃ মাসুদ রানা ও মেম্বার মোঃ মনিরুল ইসলাম বাবু। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশিষ্ট সমাজ সেবক মোঃ আব্দুর রশিদ মাস্টার। এছাড়াও এনডিপি'র ম্যানেজার (এমএন্ডই) মোঃ লাবু মিয়া এবং এনডিপির প্রতিবন্ধিতা ও শিক্ষা কর্মসূচির উপব্যবস্থাপক ও প্রকল্পের উপজেলা সমন্বয়কারী কাম ওয়াস অফিসার শিপন চন্দ্র নাগ উপস্থিত ছিলেন।

উদ্বোধন পরবর্তীতে অতিথিবৃন্দ প্রকল্পের আওতায় নির্মানকৃত এবং মেরামতকৃত ল্যাট্রিন ও টিউবওয়েল এর কাজ পরিদর্শন করেন।

প্রসঙ্গত প্রকল্পটির আওতায় চরাঞ্চলে বন্যাকালীন ফসল উৎপাদন কৌশল ও সংরক্ষণ শীর্ষক সভা ও ভ্যাক্সিনেশন ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে। ভ্যাক্সিনেশন ক্যাম্পের মাধ্যমে ১,৭৭১ টি গরুকে তড়কা ও ক্ষুরা রোগের ও ১,৪০৫ টি ছাগলকে পিপিআর ভ্যাক্সিন প্রদান করা হয়। পাশাপাশি ৩৫ টি টিউবওয়েল এবং ৩৫ টি ল্যাট্রিন নতুন নির্মান ও মেরামত করা হয়েছে।

## এক নজরে ঋণ সহায়তা কর্মসূচির অগ্রগতি

এনডিপি উন্নয়ন সহযোগী সংস্থার সাথে বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম বাস্তবায়ন করার পাশাপাশি ১৯৯২ সাল থেকে ঋণ সহায়তা কর্মসূচি বাস্তবায়ন করছে। বিভিন্ন ব্যাংক ও পিকেএসএফ এর অর্থায়নে ১১৯টি শাখার মাধ্যমে পরিচালিত হচ্ছে। এনডিপি কর্তৃক অর্জিত বর্তমান চিত্র নিচের ছকে তুলে ধরা হলো;

| ক্রঃ নং | বিবরণ | সেপ্টেম্বর ২০২৪ | ক্রঃ নং | বিবরণ | সেপ্টেম্বর ২০২৪ | ক্রঃ নং | বিবরণ | সেপ্টেম্বর ২০২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | শাখার সংখ্যা | ১১৯ | ৯ | মোট বকেয়া (কোটি টাকায়) | ১৫.৪২ | ১৭ | কর্মী ঃ ঋণী সদস্য | ১:২০৭ |
| ২ | মোট সদস্য জন | ১,৫১,৩৪৮ | ১০ | ঋণ আদায়ের হার | ৯৯.৭০% | ১৮ | সমিতি ঃ সদস্য | ১:২৬ |
| ৩ | ক্রমপুঞ্জিভূত ঋণ বিতরন (কোটি টাকায়) | ৫৭৬৯.৯০ | ১১ | On Time Realization (OTR) | ৯৬.৭২% | ১৯ | কর্মী ঃ সঞ্চয় স্থিতি (লাখ টাকায়) | ১:৩৪.৩৫ |
| ৪ | ক্রমপুঞ্জিভূত ঋণ আদায় (কোটি টাকায়) | ৫১১৫.৬৪ | ১২ | সদস্যদের সঞ্চয় স্থিতি (কোটি টাকায়) | ২০২.৭১ | ২০ | কর্মী ঃ ঋণ স্থিতি (লাখ টাকায়) | ১:১১০.৮৯ |
| ৫ | ঋণ স্থিতি (কোটি টাকায়) | ৬৫৪.২৬ | ১৩ | Port folio At Risk | ৩.৭৩% | ২১ | সমিতি ঃ ঋণী সদস্য | ১:২১ |
| ৬ | Liquidity Ratio | ৪.৪৯% | ১৪ | Delinquent Ratio | ২.৩৫% | ২২ | ষ্টাফ ঃ ঋণী সদস্য | ১:১১২ |
| ৭ | ক্রমপুঞ্জিভূত নীট তহবিল (কোটি টাকায়) | ২৬০.৫৫ | ১৫ | Debt : Equity | ১.৭৪:১ | | | |
| ৮ | ঋণী কভারেজ | ৮০.৭০% | ১৬ | কর্মী ঃ সদস্য | ১:২৫৬ | | | |

## ডিএইচআরএনএস প্রকল্পের এইচআরডি নেটওয়ার্কের ত্রৈমাসিক সমন্বয় সভা




উপস্থিত আছেন এনডিপি'র প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান

মানবাধিকার সংস্কৃতি ফাউন্ডেশন (এমএসএফ) এর সহযোগিতায় বাস্তবায়িত ডিফেন্ডিং হিউম্যান রাইটস থ্রো নেটওয়ার্ক স্টেন্দেনিং (ডিএইচআরএনএস) প্রকল্পের আওতায় সিরাজগঞ্জ এইচআরডি নেটওয়ার্কের সকল সদস্যদের নিয়ে ত্রৈমাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে। ৩১ আগষ্ট ২০২৪ তারিখে এনডিপি'র ঋণ সহায়তা কর্মসূচির মাসুমপুর শাখার সম্মেলন কক্ষে এ আয়োজন করা হয়। সভায় এনডিপির নির্বাহী পরিচালক ও সিরাজগঞ্জ জেলার এইচআরডি নেটওয়ার্কের কনভেনার মোঃ আলাউদ্দিন খান এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মানবাধিকার সংস্কৃতি ফাউন্ডেশন (এমএসএফ) এর প্রধান নির্বাহী এ্যাডঃ সাইদুর রহমান। এসময় প্রধান অতিথি মানবাধিকার লংঘন জনিত ঘটনার সত্য উদঘাটন করার জন্য এইচআরডি নেটওয়ার্কের সদস্যদেরকে গুরুত্ব সহকারে কাজ করার আহব্বান জানান এবং মানবাধিকার নিশ্চিত করার লক্ষ্যে নিজ নিজ অবস্থান থেকে সক্রিয় ভূমিকা রাখার জন্য উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কনসালটেন্ট সৈয়দ রোকন উদ্দিন। সভায় এনডিপির উপপরিচালক ও ডিএইচআরএনএস প্রকল্পের ফোকাল পারসন এবং মানবাধিকার কর্মী কাজী মাসুদুজ্জামান এর পরিচালনায় ২৮ মে ২০২৪ থেকে ৩০ আগষ্ট ২০২৪ পর্যন্ত সিরাজগঞ্জ জেলায় মানবাধিকার লংঘন জনিত ঘটনা নিয়ে আলোচনা করা হয়। এতে সার্বিক সহযোগিতা করেন এনডিপির প্রতিবন্ধিতা ও শিক্ষা কর্মসূচির উপব্যবস্থাপক ও মানবাধিকার কর্মী শিপন চন্দ্র নাগ। আলোচনার পরিপ্রেক্ষিতে ৭ সদস্য কমিটি গঠন করা হয় যাঁরা সিরাজগঞ্জ জেলার মানবাধিকার লংঘন জনিত ঘটনার তথ্য সংগ্রহ করবেন। আলোচনার পূর্বে সিরাজগঞ্জ এইচআরডি নেটওয়ার্ক বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনে যারা মৃত্যুবরণ করেছে তাদের আত্মার শান্তির লক্ষ্যে এক মিনিট নিরবতা পালন করা হয়। সভায় আরো উপস্থিত ছিলেন মানবাধিকার সংস্কৃতি ফাউন্ডেশনের প্রতিনিধি সমন্বয়কারী মোহাম্মদ টিপু সুলতান, দৈনিক সিরাজগঞ্জ প্রতিদিন পত্রিকার নির্বাহী সম্পাদক মোঃ ইসমাইল হোসেন, বাংলাদেশ হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদের সাধারন সম্পাদক নরেশ চন্দ্র ভৌমিকসহ সিরাজগঞ্জ এইচআরডি নেটওয়ার্কের অন্যান্য সদস্যবৃন্দ।

## ইআরসিসিপি প্রকল্পের 'দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ'



ইআরসিসিপি প্রকল্প আয়োজিত দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ

ক্লাইমেট ব্রিজ ফান্ড (সিবিএফ) এর অর্থায়নে ব্র্যাক ও কেএফডব্লিউ এর সহযোগিতায় বাস্তবায়িত ইনহ্যান্স রেজিলিয়েন্স ক্যাপাসিটি অব দ্যা ক্লাইমেট ইনডিউসড পিপল (ইআরসিসিপি) প্রকল্পের আওতায় আয়বৃদ্ধিমূলক কাজের জন্য দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান কার্যক্রম শুরু হয়েছে। প্রশিক্ষণে সিরাজগঞ্জ পৌরসভার ৯, ১৩ ও ১৪ নং ওয়ার্ডের ১২ টি কমিউনিটিতে ১০১৫ জন উপকারভোগী অংশগ্রহণ করেন। এতে রিসোর্স পারসন হিসেবে উপস্থিত ছিলেন সিরাজগঞ্জ সদর উপজেলা প্রাণিসম্পদ ও উপজেলা যুব উন্নয়ন কর্তৃপক্ষের কর্মকর্তাবৃন্দ।

প্রকল্পের আওতায় মোট ২০০০ উপকারভোগী দুই দিনের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ পাবেন এবং পরবর্তীতে তাদের ব্যবসা পরিচালনার জন্য আর্থিক সহায়তা প্রদান করা হবে।

প্রসঙ্গত ১ম বছরে ৯৮৫ জন (২০০০ এর মধ্য হতে) উপকারভোগীকে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান এবং পরবর্তীতে ৫৭ লক্ষ ১৩ হাজার টাকা আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে এবং চলতি বছরে অবশিষ্ট ১০১৫ জন উপকারভোগীকে এ সহায়তা প্রদান করা হবে।

প্রকল্প ব্যবস্থাপক ইউসুফ আলী এর সার্বিক তত্ত্বাবধানে মাঠ পর্যায়ে প্রশিক্ষণে সার্বিক সহায়তা প্রদান করছেন প্রকল্পের লাইভলিহুড অফিসার শামিমা নার্গিস।

## সমন্বিত কৃষি ইউনিটের মালচিং পেপার ব্যবহারে কৃষকের সাফল্য



মূর্শিদা খাতুন ও তাঁর স্বামী এরশাদ আলী

সিরাজগঞ্জ জেলার কামারখন্দ উপজেলার ভদ্রঘাট ইউনিয়নের ধামকোল গ্রামে বাস করেন মূর্শিদা খাতুন (২৫)। তাঁর স্বামী, এরশাদ আলী, চরম দরিদ্র পরিবারের সদস্য। এরশাদের দুটি মেয়ে এবং একটি ছেলে রয়েছে, মোট পাঁচ জনের পরিবার। তিনি একজন দিনমজুর, এবং পরিবারের খরচ চালাতে তাকে প্রতিদিন কঠোর পরিশ্রম করতে হয়। এরশাদ আলী কিছু জমি লিজ নিয়ে কৃষি কাজের সঙ্গে যুক্ত হয়েছিলেন, তবে আধুনিক কৃষি সম্পর্কে তাঁর জ্ঞান খুবই সীমিত। গতানুগতিক পদ্ধতির উপর নির্ভর করায় তিনি সবজি চাষ করে তেমন লাভ করতে পারেননি।

মূর্শিদা খাতুন এনডিপি'র ঋণ সহায়তা কর্মসূচির সদস্য হওয়ায় সমন্বিত কৃষি ইউনিট থেকে তিনি প্রশিক্ষণ ও অনুদান প্রাপ্ত হন। মালচিং পেপার ব্যবহার করে ফসল উৎপাদনের প্রশিক্ষণ নেওয়ার পর, তিনি ৩৩ শতক জমিতে মালচিং পেপার দিয়ে শসা চাষ শুরু করেন।

প্রথম বছরের শসা উৎপাদনে তিনি চমকপ্রদ সফলতা অর্জন করেন। মোট খরচ ৮০,০০০ টাকা (আনুমানিক) হলেও শসার বিক্রিতে তিনি ১,৮৭,৩০০ টাকা আয় করেন, ফলে নীট লাভ হয় ১,২৩,৩০০ টাকা। এরশাদের এই সাফল্য দেখে ধামকোল গ্রামের অন্যান্য কৃষকেরা আগামীতে বেশিরভাগ সবজি মালচিং পেপার দিয়ে চাষ করার পরিকল্পনা করছেন।

মূর্শিদা খাতুন এনডিপি'র প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে বলেন, "শসা চাষে আমি যে লাভ করেছি, সেই টাকায় একটি গরু কিনব এবং আরও কিছু জমি লিজ নেব এবং ভবিষ্যতে মালচিং পেপার দিয়ে চাষ অব্যাহত রাখব।"

## আরএমটিপি প্রকল্পের উদ্যোগে লিড খামারিদের প্রশিক্ষন প্রদান




প্রশিক্ষণার্থীদের মাঝে উপস্থিত আছেন সিরাজগঞ্জ জেলা প্রাণি সম্পদ কর্মকর্তা ডাঃ ওমর ফারুক

ইফাদ ও পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর আর্থিক সহযোগিতায় পরিচালিত রুরাল মাইক্রোএন্টারপ্রাইজ ট্রান্সফরমেশন প্রকল্প (আরএমটিপি) এর উপ-প্রকল্প-''নিরাপদ মাংস ও দুগ্ধজাত পণ্যের বাজার উন্নয়ন'' এর আওতায় লিড খামারিদের দিনব্যাপী গবাদি প্রাণি পালন বিষয়ক উন্নততর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ৬ জুলাই ২০২৪ তারিখে এনডিপি'র প্রধান কার্যালয়ের প্রশিক্ষণ কক্ষে এ আয়োজন করা হয়। এতে সিরাজগঞ্জ জেলার কামারখন্দ উপজেলার বাগবাড়ি গ্রামের ২৫ জন গবাদি প্রাণি পালনকারী লিড খামারি অংশগ্রহন করেন।

প্রশিক্ষণে প্রধান প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন সিরাজগঞ্জ জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডাঃ ওমর ফারুক। এসময় তিনি প্রকল্প প্রদত্ত প্রশিক্ষণের আলোচনার বিষয়বস্তুর উপর একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করেন। যেখানে গবাদি প্রাণির জাত নির্বাচন, খাদ্য ব্যবস্থাপনা, চিকিৎসা, বাসস্থান ও কৃত্তিম প্রজননসহ খামারের বর্জ্য ব্যবস্থাপনা, ভার্মি কম্পোষ্ট সার তৈরীর উপাদান ও এর বাজারজাতকরণ বিষয় নিয়ে আলোচনা করেন। পাশপাশি বিভিন্ন উচ্চ ফলনশীল ঘাসের নাম ও পরিচিতি এবং প্রাণিকে উচ্চ ফলনশীল ঘাস খাওয়ানোর প্রয়োজনিয়তা ও রোপন পদ্ধতি নিয়ে বিস্তারিতভাবে তুলে ধরেন।

প্রশিক্ষণের ২য় পর্যায়ে মূখ্য আলোচক হিসেবে উপস্থিত ছিলেন মাষ্টার ট্রেইনার (Good Agricultural Practices-GAP) ডাঃ নুর-নবী। তিনি আধুনিক খামার উন্নয়নে উন্নত কৃষি চর্চার অনুশীলনের গুরুত্ব সম্পর্কে অংশগ্রহনকারীদের উদ্বুদ্ধ করেন এবং উন্নত কৃষি চর্চার মূল বিষয়বস্তু সম্পর্কে ধারনা দেওয়ার চেষ্টা করেন। এছাড়া গবাদি প্রাণির মাংস, দুধ ও দুগ্ধজাত পণ্যের উৎপাদন ও বাজারজাতকরণের বিষয়ে সফল উদ্যোক্তা হওয়ার কৌশল সম্পর্কে আলোচনা করেন।

প্রসঙ্গত এনডিপি আরএমটিপি প্রকল্প কর্মএলাকা পাবনা ও সিরাজগঞ্জ জেলার ৭ টি উপজেলার ২৮ টি ইউনিয়নের ২১৫ টি গ্রামের ১৭৭০০ লিড খামারিকে ৭১০ টি ব্যাচে গবাদিপ্রাণি পালন বিষয়ক উন্নততর প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারন করেছে। জেলা-উপজেলা প্রাণিসম্পদ অধিদপ্তরের কর্মকর্তা ও গ্যাপ মাষ্টার ট্রেইনার, বেসরকারী সংস্থা ও প্রাইভেট সেক্টরে কর্মরত ডিভিএম-দের (ডক্টর অব ভেটেরিনারী মেডিসিন) মাধ্যমে প্রশিক্ষণটি পরিচালনা করা হচ্ছে।

## জুলাই-সেপ্টেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ সময়ের মধ্যে যেসব প্রকল্প শুরু হয়েছে তার সংক্ষিপ্ত বিবরণ

| ক্রঃ নং | প্রকল্পের নাম | দাতা সংস্থার নাম | কর্ম এলাকা | সময়কাল | উদ্দেশ্য |
|---|---|---|---|---|---|
| ১. | Protecting Livelihood Assets through Anticipatory Actions in Jamuna River Basin | Food and Agriculture Organization (FAO) | সিরাজগঞ্জ, বগুড়া, গাইবান্ধা, জামালপুর ও কুড়িগ্রাম | ০৭.০৭.২০২৪-০৮.০৮.২০২৪ | প্রকল্পের কর্ম-এলাকায় দূর্যোগকালীন সময়ে গবাদি প্রাণির ঝুঁকি হ্রাস করণে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহন ও বাস্তবায়ন করা। |

## জুলাই-সেপ্টেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ সময়ের মধ্যে যেসব প্রকল্প শেষ হয়েছে তার সংক্ষিপ্ত বিবরণ

| ক্রঃ নং | প্রকল্পের নাম | দাতা সংস্থার নাম | কর্ম এলাকা | সময়কাল | উদ্দেশ্য |
|---|---|---|---|---|---|
| ১. | Making Markets Work for the Chars (M4C) Phase-III | Swisscontact | জামালপুর ও কুড়িগ্রাম জেলা | ০১.০৯.২০২০-৩০.০৯.২০২৪ | এমফোরসি প্রকল্পের মূললক্ষ্য হল বাংলাদেশের উত্তরাঞ্চলের চর পরিবারের দারিদ্র্য ও দুর্বলতা হ্রাস করা এবং বাজার ব্যবস্থার পরিবর্তন সহজকরনের মাধ্যমে আয় বৃদ্ধির সুযোগ সৃষ্টি করা। |
| ১. | Investment Component of Vulnerable Group Development (ICVGD)-2nd Phase | UN World Food Programme (WFP) | রাজশাহী বিভাগের আওতাধীন সকল জেলার ৭৯টি ইউনিয়ন | ০৭.০৯.২০২৩-০৬.০৯.২০২৪ | বাংলাদেশের গ্রামীণ সুবিধাবঞ্চিত পরিবারের দরিদ্র মহিলাদের আর্থ-সামাজিক অবস্থার উন্নতি সাধনের মাধ্যমে দরিদ্র মহিলাদেরকে এককালীন নগদ অনুদান, সক্ষমতা বৃদ্ধির লক্ষে প্রশিক্ষণ এবং ব্যবসা পরিচালনার জন্য সার্বিক সহযোগিতা প্রদান করা। যা তাদের টেকসই আয়ের উৎস হিসেবে জীবিকা প্রতিষ্ঠা করতে এবং এইভাবে তাদের পরিবারের জন্য খাদ্য ও পুষ্টি নিরাপত্তা নিশ্চিত করার সময় চরম দারিদ্র্য থেকে স্নাতক হতে সাহায্য করবে। |
| ২. | Enhance Resilience towards COVID and Consequences (ERCC) | Climate Bridge Fund (CBF), BRAC | সিরাজগঞ্জ পৌরসভা | ০১.০৯.২০২২-১৩.০৮.২০২৩ | সিরাজগঞ্জ পৌরসভার ৩৩টি স্লামে বসবাসকারী জনগোষ্ঠীর জন্য কোভিড-১৯ থেকে সুরক্ষা জোড়দার করা। একইসাথে ক্ষতিগ্রস্থ পরিবারের আয়ের পথ পুনঃপ্রতিষ্ঠা করার সুযোগ তৈরি করা ও সুবিধা বঞ্চিত শিশুদের শিক্ষা থেকে বঞ্চিত হওয়ার ঝুঁকি হ্রাস করা। |
| ৩. | Moonsoon Flood Readiness Initiative-2024 | Start Network | সিরাজগঞ্জ জেলার কাজিপুর উপজেলা | ২৫.০৬.২০২৪-০৮.০৮ ২০২৪ | প্রকল্পের কর্ম-এলাকায় দূর্যোগকালীন ঝুঁকি হ্রাস করণে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহন ও বাস্তবায়ন করা। |
| ৪. | Protecting Livelihood Assets through Anticipatory Actions in Jamuna River Basin | Food and Agriculture Organization (FAO) | সিরাজগঞ্জ, বগুড়া, গাইবান্ধা, জামালপুর ও কুড়িগ্রাম | ০৭.০৭.২০২৪-০৮.০৮.২০২৪ | প্রকল্পের কর্ম-এলাকায় দূর্যোগকালীন সময়ে গবাদি প্রাণির ঝুঁকি হ্রাস করণে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহন ও বাস্তবায়ন করা। |

## জামালপুরে নবাগত পুলিশ সুপারকে শুভেচ্ছা প্রদান



পুলিশ সুপারকে ফুলেল শুভেচ্ছা জানাচ্ছেন এনডিপি'র কর্মকর্তাবৃন্দ

জামালপুরে নবাগত পুলিশ সুপার জনাব সৈয়দ রফিকুল ইসলাম পিপিএম-সেবা মহোদয়কে এনডিপি'র পক্ষ থেকে ফুলেল শুভেচ্ছা প্রদান করা হয়। ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর পক্ষ থেকে শুভেচ্ছা বিনিময় করেন সহকারী পরিচালক (ঋণ সহায়তা কর্মসূচি) মোঃ সাইফুল ইসলাম। ২৪ সেপ্টেম্বর, ২০২৪ জেলা পুলিশ সুপার কার্যালয়ে তাঁকে এ শুভেচ্ছা জানান এবং কুশল বিনিময় করেন। শুভেচ্ছা বিনিময়কালে এনডিপি'র এমফোরসি প্রকল্পের ইন্টারভেনশন স্পেশালিস্ট মো.শামছুল আলম উপস্থিত ছিলেন। এসময় জামালপুর জেলার এনডিপি'র কার্যক্রম নিয়ে আলোচনা হয় এবং জেলা পুলিশ এর পক্ষ থেকে সার্বিক সহযোগিতা অব্যহত থাকবে বলে আশ্বস্ত করেন জেলার নবনিযুক্ত পুলিশ সুপার। পুলিশ সুপার জনাব সৈয়দ রফিকুল ইসলাম বলেন, ''জামালপুর জেলা পুলিশের পক্ষ থেকে এনডিপি'র বিভিন্ন কার্যক্রমে সহযোগিতা প্রদান করতে আমরা সবসময় প্রস্তুত আছি। বিশেষত, সমাজ উন্নয়ন ও আইনশৃঙ্খলা রক্ষায় একযোগে কাজ করার মাধ্যমে আমরা জেলার মানুষের উন্নতির জন্য নিরলসভাবে কাজ করে যাব। এনডিপি'র যে কোনো প্রয়োজনে জেলা পুলিশ তাদের পাশে থাকবে। আমাদের লক্ষ্য এক-জনগণের নিরাপত্তা এবং উন্নয়ন নিশ্চিত করা।''

## সিআরইএ প্রকল্পের 'গ্লোবাল ডে অফ ক্লাইমেট অ্যাকশন' ২০২৪

কমিউনিটি ভিত্তিক জলবায়ু সহনশীলতা ও নারীর ক্ষমতায়ন কর্মসূচি (সিআরইএ) প্রকল্পের অধীনে বেলকুচি উপজেলার বড়ধূল ইউনিয়নের চরাঞ্চলে 'গ্লোবাল ডে অফ ক্লাইমেট অ্যাকশন' ২০২৪ উপলক্ষে মানববন্ধন ও র‌্যালি অনুষ্ঠিত হয়েছে। দিবসটির এ বছরের প্রতিপাদ্য বিষয় হলো "জীবাশ্ম জ্বালানি মুক্ত ভবিষ্যতের জন্য লড়াই"। ২১ সেপ্টেম্বর, ২০২৪ তারিখে বেলকুচি উপজেলার বড়ধূল ইউনিয়নের বিলমহিষা এলাকায় কিশোর-কিশোরী, নারী-পুরুষ ও বিভিন্ন শ্রেণি পেশার মানুষ জলবায়ু পরিবর্তনের প্রভাব সম্বলিত প্লে-কার্ড, ফেস্টুন, ব্যানার হাতে মানববন্ধন ও র‌্যালিতে অংশগ্রহণ করেন।

এসময় উপস্থিত ছিলেন ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর প্রকল্প সমন্বয়কারী মোছা. আক্তারি বেগম, এনডিপির রিসার্চ এন্ড ডকুমেন্টেশন বিভাগের সহকারী ব্যবস্থাপক মো. জানাফার ইসলাম, প্রকল্প কর্মকর্তা শারমিন আকতার, ফিল্ড ফ্যাসিলিটেটর মোছা. রাজিয়া সুলতানা ও মোছা. আকলিমা খাতুন ও স্থানীয় সাংবাদিকগণ প্রমূখ। মানুষের জন্য ফাউন্ডেশন এবং সুইডেন সরকারের আর্থিক সহায়তায় ও ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) সার্বিক তত্বাবধানে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে।




গ্লোবাল ক্লাইমেট অ্যাকশন ডে আয়োজিত র‌্যালির অংশ বিশেষ

অনুষ্ঠানে সিআরইএ প্রকল্পের উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের ক্লাইমেট একশন গ্রুপের সদস্য ও গ্রাম পর্যায়ের বিভিন্ন দলের সদস্য, নারী-পুরুষ, কিশোর-কিশোরীসহ স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গ অংশগ্রহন করেন। বক্তারা দিবসটি উদযাপনের লক্ষ্য, উদ্দেশ্য, তাৎপর্য তুলে ধরে বক্তব্য প্রদান করেন।

তারা বলেন, জলবায়ু পরিবর্তনের ফলে চরাঞ্চলের মানুষের জীবন-জীবিকা, বাড়িঘর, কৃষি ফসল, গবাদি পশু, শিক্ষা, স্বাস্থ্যসেবা, কর্মসংস্থানসহ বিভিন্ন বিষয়ে প্রতিনিয়ত প্রভাব পড়ছে। এখন ঘন ঘন ও অসময়ে বন্যা, বৃষ্টি ও খরা হচ্ছে। আগের মতো জমিতে ফসল হচ্ছে না। নদী ভাঙনের প্রবণতা বৃদ্ধি পেয়েছে। অনেকে ফসলী জমি ও বসতভিটা হারিয়ে অন্যের বাড়িতে আশ্রয় নিয়েছে। দরিদ্র শ্রমজীবী মানুষগুলো জীবিকা হারিয়ে কর্মহীন হয়ে পড়েছে। আর এসব কারণে নারীর প্রতি সহিংসতা ও বাল্য বিবাহ বৃদ্ধি পাচ্ছে। শিশুরা শিক্ষা ও চিকিৎসা থেকে বঞ্চিত হচ্ছে। বিশেষ করে মেয়ে শিশুরা। বক্তারা এসব সমস্যা থেকে পরিত্রাণ ও সুস্থভাবে বেঁচে থাকার জন্য সম্ভাব্য উপায় এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সরকারের প্রতি জোরালো দাবী জানান।

## মৌসুমি বন্যায় আগাম সাড়াদান প্রকল্প-২০২৪ এর অংশগ্রহনকারীদের অর্থ সহায়তা প্রদান



প্রকল্পে অংশগ্রহণকারী (অর্থ সহায়তা প্রাপ্তির পর)

বিশ্ব খাদ্য কর্মসূচি (ডাব্লিউএফপি) এর সহযোগিতায় এনডিপি ২০২০ সাল থেকে মৌসুমি বন্যায় আগাম সাড়াদান প্রকল্প বাস্তবায়ন করে আসছে। প্রকল্পের শুরু থেকে এনডিপি সিরাজগঞ্জ জেলার ৬টি উপজেলার সম্ভাব্য বন্যায় আক্রান্ত ২৯,০০০ উপকারভোগীর হালনাগাদ তথ্য সংরক্ষণ করে। একইসাথে প্রকল্পটির আওতায় নিয়মিত ডাটাবেজ হালনাগাদ করা, ভলান্টিয়ার প্রশিক্ষণ, সচেতনতা বৃদ্ধিতে সেশন পরিচালনাসহ বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। তবে গত তিন বছর বন্যা না হওয়ায় উপকারভোগীদের কোন প্রকার অর্থ সহায়তা প্রদান করা সম্ভব হয়নি। পক্ষান্তরে গত ৫ জুলাই,২০২৪ বন্যা সতর্কীকরণ এলার্ট জারি হলে উপকারভোগীদের নির্দিষ্ট বিকাশ মোবাইল ওয়ালেটের মাধ্যমে ৫০০০ (পাঁচ হাজার) টাকা করে অর্থ সহায়তা প্রদান করা হয়। এতে সিরাজগঞ্জ জেলার সদর উপজেলার ৪,৪৯৫ টি পরিবার, বেলকুচি উপজেলায় ৪,৯১৯ টি পরিবার, চৌহালী উপজেলায় ৪,২৬৩ টি পরিবার, কাজিপুর উপজেলায় ৩,৪১৯ টি পরিবার, রায়গঞ্জ উপজেলায় ৩৯৭ টি পরিবার এবং শাহজাদপুর উপজেলায় ৫,৩৮২ টি পরিবার সর্বমোট ২২,৮৭৫ টি পরিবারকে বিকাশ ওয়ালেটের মাধ্যমে ১১,৪৩,৭৫,০০০ টাকা প্রদান করা হয়েছে।

# এনডিপি বার্তা

জুলাই-সেপ্টেম্বর, ২০২৪ । সংখ্যা ৪১ । বর্ষ ১৬


## নওগাঁয় Extended Community Climate Change Project-Drought প্রকল্পের অবহিতকরন সভা

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সার্বিক সহযোগিতায় এবং Green Climate Fund (GCF)-এর অর্থায়নে বাস্তবায়িত Extended Community Climate Change Project-Drought (ECCCP-Drought) প্রকল্পের অবহিতকরন সভা অনুষ্ঠিত হয়েছে। ০৬ জুলাই ২০২৪ তারিখে নওগাঁ জেলা প্রশাসক কার্যালয়ের সভাকক্ষে অবহিতকরণ কর্মশালা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় খাদ্য মন্ত্রী জনাব সাধন চন্দ্র মজুমদার, এমপি। সভায় সভাপতিত্ব করেন নওগাঁ জেলার সম্মানিত জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট মোঃ গোলাম মওলা। সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পিকেএসএফ এর ব্যবস্থাপনা পরিচালক ড. নমিতা হালদার, এনডিসি। এছাড়াও সভায় ECCCP-Drought প্রকল্প বাস্তবায়নকারী ১৮টি সংস্থার নির্বাহী পরিচালক এবং প্রকল্পের অন্যান্য কর্মকর্তা অংশগ্রহণ করেন।




বক্তব্য দিচ্ছেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় খাদ্য মন্ত্রী

কর্মশালায় প্রধান অতিথি বলেন, জলবায়ু পরিবর্তন একুশ শতকের একটি অন্যতম বৈশ্বিক ঝুঁকি এবং বাংলাদেশ জলবায়ু পরিবর্তনের ফলে অত্যন্ত ঝুঁকিপূর্ণ। তন্মধ্যে বাংলাদেশে জলবায়ু পরিবর্তনজনিত হটস্পট গুলোর মধ্যে বরেন্দ্র এলাকা, বিশেষ করে নওগাঁ জেলা অন্যতম। এক্ষেত্রে ECCCP-Drought প্রকল্পটি ভূ-উপরিস্থ পানি সংরক্ষণ ও ভূ-গর্ভস্থ পানির রিচার্জ বৃদ্ধির মাধ্যমে গৃহস্থালি কাজে ও কৃষি জমিতে সেঁচের পানির যোগান বৃদ্ধিতে, সর্বোপরি বরেন্দ্র অঞ্চলের খরা মোকাবিলায় সহায়ক ভূমিকা পালন করবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। বরেন্দ্র অঞ্চলে এ ধরনের একটি সময় উপযোগী প্রকল্প বাস্তবায়নের উদ্যোগ গ্রহণের জন্য তিনি পিকেএসএফ ও এনডিপিকে ধন্যবাদ জানান।

এনডিপি মূলত নওগাঁ সদর উপজেলার ০৮ টি ইউনিয়নে প্রকল্পটি মাঠ পর্যায়ের কার্যক্রম বাস্তবায়ন করবে। যার মূল উদ্দেশ্য ভূ-উপরস্থ পানি সংরক্ষণ ও ভূ-গর্ভস্থ পানির রিচার্জ বৃদ্ধির মাধ্যমে গৃহস্থালি কাজে ও কৃষি জমিতে সেঁচের পানির যোগান বৃদ্ধি করা।


### কনফারেন্স রুম ও ট্রেনিং রুম ভাড়া

- সভা কক্ষ (এসি) : ৮,০০০.০০ টাকা
- প্রশিক্ষণ কক্ষ (এসি) : ৪,০০০.০০ টাকা

### খাবারের মূল্য তালিকা

| | |
|---|---|
| সকালের নাস্তা | : ৭০ টাকা (রুটি/পরটা/খিচুড়ি, মিক্সড ভেজিটেবল/ডাল, ডিম ও চা) |
| লাঞ্চ/ডিনার | : (১৯০ টাকা প্লেন রাইস, চিকেন/মাটন/ফিস, মিক্সড ভেজিটেবল এবং ল্যান্টল সুপ) |
| নাস্তা | : ৩০ টাকা (সিঙ্গারা/সামুচা, কেক ও চা) |
| চা | : ১০ টাকা (প্রতি কাপ) |
| কফি | : ৩০ টাকা (প্রতি কাপ) |
| কোমল পানীয় | : ৬০ টাকা (২৫০ মিলি ক্যান)/ ৩০ টাকা (২৫০ মিলি বোতল) |
| দই | : ৪৫ টাকা (১০০ গ্রাম) |
| মিনারেল ওয়াটার | : ২০ টাকা (৫০০ মিলি বোতল) |

সরকারি বিধি মোতাবেক ভ্যাট ও সার্ভিস চার্জ যুক্ত হবে।
আলোচনা সাপেক্ষে যে কোন স্পেশাল ডিস সার্ভ করা হয়।

### ডাইনিং সুবিধা

৯০ জন গেষ্ট ধারণ ক্ষমতা সম্পন্ন একটি সুসজ্জিত ডাইনিং রুম এবং ৩৬ জন গেষ্ট ধারণ ক্ষমতা সম্পন্ন শীতাতপ নিয়ন্ত্রিত একটি ডাইনিং রুম।

### ডরমেটরী

| | | | |
|---|---|---|---|
| সুপার ডিলাক্স | : | ৪,৫০০.০০ | টাকা (কুইন বেড) |
| ডিলাক্স (এসি) কক্ষ | : | ২,০০০.০০ | টাকা (ডাবল বেড) |
| লাক্সারি (এসি) কক্ষ | : | ১,৫০০.০০ | টাকা (সিঙ্গেল বেড) |
| এসি (ভিআইপি) কক্ষ | : | ১,২০০.০০ | টাকা (ডাবল বেড) |
| সাধারণ কক্ষ (নন এসি) | : | ৬০০.০০ | টাকা (ডাবল বেড) |

### বুকিং সুবিধা ঃ

প্রশিক্ষণ সুবিধার জন্য ১৫ দিন আগে বুকিং করা যায়। লিখিত বুকিং অগ্রাধিকার দেওয়া হয়। ই- মেইলএ যোগাযোগ করা যেতে পারে। বুকিং বাতিল করতে ন্যূনতম ৭ দিন আগে জানাতে হবে।

### অন্যান্য সুবিধা ঃ

- কম্পিউটার / ল্যাপটপ
- মাল্টিমিডিয়া প্রোজেক্টর
- সাউন্ড সিস্টেম
- ইন্টারনেট
- টেলিফোন
- ফটোকপি ও বাইন্ডিং
- গাড়ি ভাড়া

### যোগাযোগ ঃ

ব্যবস্থাপক (প্রশিক্ষণ কেন্দ্র)
এনডিপি প্রধান কার্যালয়, বাগবাড়ি, শহীদ নগর, কামারখন্দ, সিরাজগঞ্জ-৬৭০৩
টেলিফোন: ০৯৬৩৯১০০৬০০, মোবাইল ঃ ০১৭১৩-৩৮৩১০৬
ই-মেইল: tcm@ndpbd.org | ওয়েবসাইট :www.ndpbd.org